দৈনিক ইনকিলাব

তারিখ ... 06 MAY 1997 ...
পৃষ্ঠা ... ৬ ... কলাম ... ৫ ......

৫✓

# উচ্চশিক্ষা মহাপরিচালকের সাথে সরকারী মাধ্যমিক শিক্ষক নেতৃবৃন্দের সাক্ষাৎ

গতকাল (সোমবার) সকালে বাংলাদেশ সরকারী মাধ্যমিক শিক্ষক সমিতির মহাসচিব জনাব মোঃ নজরুল ইসলামের নেতৃত্বে ২৫ সদস্যবিশিষ্ট একটি প্রতিনিধি দল মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদফতরের মহাপরিচালক ডঃ হামিদা বানুর সাথে এক বৈঠকে মিলিত হন। মাধ্যমিক শিক্ষা ও শিক্ষকগণের সমস্যাদি নিয়ে প্রায় দুই ঘন্টা ধরে বিস্তারিত আলোচনা হয়। মহাপরিচালক ধৈর্যের সাথে নেতৃবৃন্দের বক্তব্য শুনেন এবং প্রতিটি বিষয় পৃথকভাবে লিখিত আকারে পেশ করার আহবান জানান। বৈঠকে অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন পরিচালক মাধ্যমিক কাজী একেএম আব্দুর রব, উপ-পরিচালক মাধ্যমিক আব্দুর রাজ্জাক, সহ-সভাপতি রউ জাহিদ, মিসেস রেহানা খানম, যুগ্ম-মহাসচিব আবুল কাশেম খান, সাংগঠনিক সম্পাদক সিরাজুল হক মন্টু, সহকারী মহাসচিব চান মিয়া, হাওলাদার আবুল হাসেম, আব্দুল আলীম, ঢাকা আঞ্চলিক সম্পাদক হাবিবুল্লাহ, ঢাকা জেলা সম্পাদক বদরুজ্জামান ও কৃষি সম্পাদক আনোয়ার মোস্তফা প্রমুখ কর্তকর্তা। প্রেস বিজ্ঞপ্তি।